# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
# INVESTMENT CORPORATION OF BANGLADESH

৮, ডি আই টি এভিনিউ (১৪-২১ তলা), ঢাকা, বাংলাদেশ, পিএবিএক্স: ৯৫৬৩৪৫৫, ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX:9563455, FAX: 88-02-9563313, E-mail: icb@agni.com


## সেক্রেটারীজ ডিভিশন

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখঃ ২৩.১২.২০২৩।

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ৪৭তম বার্ষিক সাধারণ সভায় ৩০ জুন ২০২৩ তারিখ সমাপ্ত অর্থবছরের জন্য ২.৫% ক্যাশ এবং ২.৫% স্টক লভ্যাংশ অনুমোদন।**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ৪৭তম বার্ষিক সাধারণ সভা ২৩ ডিসেম্বর, ২০২৩ তারিখ, শনিবার, সকাল ১০:৩০ ঘটিকায় ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. সুবর্ণ বড়ুয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবুল হোসেন এবং অন্যান্য পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়ালি যুক্ত ছিলেন।

বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ আইসিবি'র ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব সম্পর্কে বিস্তারিত অবহিত হন। সিকিউরিটিজ মার্কেটের এই সংকটময় সময়ে আইসিবি'র অব্যাহত কার্যক্রমে তাঁরা সন্তোষ প্রকাশ করেন।

২০২২-২০২৩ অর্থবছরে আইসিবি এককভাবে এবং সাবসিডিয়ারিসহ সম্মিলিতভাবে যথাক্রমে ৪৩.৫২ কোটি টাকা এবং ৭৭.৫৮ কোটি টাকা নিট মুনাফা অর্জন করেছে। সভায় শেয়ারহোল্ডারগণ আইসিবি'র ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক চূড়ান্ত হিসাব এবং পরিচালনা বোর্ড কর্তৃক ঘোষিত ২.৫% ক্যাশ এবং ২.৫% স্টক লভ্যাংশ অনুমোদন করেন। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছরে আইসিবি'র শেয়ারহোল্ডারগণের জন্য ৫% ক্যাশ এবং ৫% স্টক লভ্যাংশ প্রদান করা হয়েছিলো।

২০২২-২০২৩ অর্থবছরে আইসিবি পুঁজিবাজারে সর্বমোট ১,৬১৪.০১ কোটি টাকা বিনিয়োগ করেছে। এছাড়া, ২০২২-২০২৩ অর্থবছরে আইসিবি লভ্যাংশ, মার্জিন ঋণ, প্রকল্প ঋণসহ অন্যান্য ঋণ/অগ্রিম খাতে সর্বমোট ১,১৭৭.৫৩ কোটি টাকা আদায় করেছে। আলোচ্য অর্থবছরে উভয় স্টক এক্সচেঞ্জ-এ আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের বিভিন্ন পোর্টফোলিওতে মোট লেনদেনের পরিমাণ ছিল ১৮,০৯৫.১৫ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের ৩২,৮২৫.৫১ কোটি টাকার তুলনায় ৪৪.৮৭ শতাংশ কম।

শেয়ারবাজারের এই সংকটময় মুহূর্তে বিনিয়োগকারীদের আস্থা ধরে রাখা এবং বাজারের স্থিতিশীলতা বজায় রাখতে আইসিবি'র প্রচেষ্টা শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রশংসিত হয়। সভায় অভিলক্ষ্য অর্জনের লক্ষ্যে আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মচারীদের নিরলস প্রচেষ্টা এবং উদ্যোগ অব্যহত রাখার আহ্বান জানানো হয় এবং ভবিষ্যতেও পুঁজিবাজারে আইসিবি'র ভূমিকা ও অবস্থান সুদৃঢ় রাখতে বিভিন্ন মূল্যবান পরামর্শ প্রদান করা হয়।

আইসিবি'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক পুঁজিবাজারে আইসিবিকে অব্যাহত সমর্থন ও সহযোগিতার জন্য শেয়ারহোল্ডার, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, স্টক এক্সচেঞ্জসমূহ এবং সিডিবিএলসহ সকল স্টেকহোল্ডারগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**(রুখসানা ইয়াসমিন)**
বোর্ড সচিব/উপ-মহাব্যবস্থাপক
পরিচালনা বোর্ড

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
INVESTMENT CORPORATION OF BANGLADESH
৮, ডি আই টি এভিনিউ (১৪-২১ তলা), ঢাকা, বাংলাদেশ, পিএবিএএক্স: ৯৫৬৩৪৫৫, ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৩৩১৩
8, DIT AVENUE (Level 14-21), DHAKA, BANGLADESH, PABX:9563455, FAX: 88-02-9563313, E-mail: icb@agni.com

## Secretaries Division

## Press Release

**Date: 23.12.2023**

**Investment Corporation of Bangladesh (ICB) Approves**
**2.5% Cash and 2.5% Stock Dividend for the year ended on 30 June 2023.**

The 47th Annual General Meeting (AGM) of the Investment Corporation of Bangladesh (ICB) was held on 23 December 2023 through virtual platform. The meeting was presided over by Prof. Dr. Suborna Barua, Chairman of the Board of Directors of ICB. Md. Abul Hossain, Managing Director and other Directors of the Board of ICB attended the meeting. A significant number of shareholders were virtually connected to the meeting.

In the meeting, the Shareholders were informed about the various aspects of the Annual Report and Audited Accounts of ICB for the FY 2022-2023. They expressed their satisfaction with the performance of ICB and its pivotal role during the critical period of the capital market.

In the FY 2022-2023, ICB earned solo and consolidated (with subsidiaries) net profit of Tk. 43.52 crore and Tk.77.58 crore respectively. In the meeting, the shareholders approved the annual accounts and the dividend of 2.5% cash and 2.5% stock, as declared by the Board of Directors of ICB for the FY 2022-2023, which was 5% cash and 5% stock in the FY 2021-2022.

During the period under review, ICB made an aggregated investment of Tk. 1614.01 crore in the capital market and recovered an amount of Tk. 1,177.53 crore as dividend, margin loans, project loans and other loans/advances. The total transaction of ICB and its subsidiary companies in both the bourses was Tk.18,095.15 crore which is 44.87% less than that of Tk. 32,825.51 crore in the previous year.

The shareholders appreciated the effort ICB is constantly undertaking to boost the confidence of the investors during this critical moment of the capital market. They, further, appealed to continue the ceaseless effort of the employees of ICB and its subsidiaries to the achievement of its mandated goals and proposed valuable suggestions to strengthen the role and position of ICB in the Capital market.

The Chairman of the Board of Directors and the Managing Director of ICB acknowledged with gratitude the cooperation and support received from the valued shareholders, Ministry of Finance, Bangladesh Bank, Bangladesh Securities and Exchange Commission, Stock Exchanges, Central Depository Bangladesh Limited and other stakeholders.

**(Ruksana Yasmin)**
Board Secretary/ Deputy General Manager
Board of Directors